

করোনা

-দীনবন্ধু সেন

বহরখানেক হয়ে যাচ্ছে,
করোনা যে কমছে না ।।
আসবে আসবে বলেও যেন
ভ্যাকসিনটা আর আসছে না ।।
আইসোলেশন, ভেন্টিলেটর
লকডাউন আর নতুন কি?
কোয়ারেন্টাইন, কোভিড কেয়ার
নতুন করেই চিনেছি ।।
স্যানিটাইজার, হ্যান্ডওয়াশ আর
থার্মাল স্ক্যানার কতো কি?
স্বাস্থ্যব্যবস্থা ভেঙে গেলেও
পিপিই কীটটাই কার্যকরী ।।
যতই থাকুক কাছের মানুষ
দূরত্বটা বজায় চাই ।
স্বাস্থ্যবিধি মেনেও যেন
কোনোমতে রক্ষা পাই ।।
অ্যান্টিজেন টেস্ট দ্রুত হলেও
সোয়াব টেস্টটাই দরকার ।
করোনাকে রুখতে যেন
হিমশিম খাচ্ছে সরকার ।।
ডাক্তার নার্স আর স্বাস্থ্যকর্মী
সবাই যখন ভগবান ।
মহামারীর মাঝেও যেন
এক শ্রেণির লোক লাভবান ।।
দিনে দিনে সংখ্যা বাড়ছে ।
মৃত্যু বাড়ছে সাথে সাথে ।
করোনাকে হারিয়েই যেন
মেতে উঠি একসাথে ।।
জীবন যখন থমকে যাচ্ছে
কর্মচ্যুৎ দেশবাসী ।
আশা তবুও ছাড়ছি না যে
আমরাই হাসবো শেষহাসি ।।